মুজিবনগরে মাসিক স্বাস্থ্যবিধি দিবস পালন

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে,মাসিকের স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা দিবস পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর অফিস প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডুরের সভাপতিত্বে ও গুডনেইবারর্স এর স্বাস্থ্য কর্মকর্তা আহসানুল হকের সঞ্চালনায় মাসিক স্বাস্থ্যবিধি দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর মেডিকেল অফিসার ডা: অগ্নিজ হালদার, ডিএইচভিএফ আয়েশা খাতুন।

মাসিক স্বাস্থ্যবিধি অনুষ্ঠানে মেহেরপুর কমিউনিটি উন্নয়ন প্রকল্পের আওতায় মা,শিশু, অফিস স্টাফ, স্বেচ্ছাসেবকরা অংশগ্রহণকরেন।

মুজিবনগরে গুডনেইবাসের আমার প্রতিজ্ঞা দিবস পালন

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, আমার প্রতিজ্ঞা দিবস পালন করা হয়েছে।

রবিবার বিকেলে সেন্ট জেভিয়ার জুনিয়ার হাই স্কুল ক্লাসরুমে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে এই প্রতিজ্ঞা দিবস পালন করা হয়।

আমার প্রতিজ্ঞা দিবসে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতী মালো, এসএমসি সভাপতি আব্দুল হাই।

প্রতিজ্ঞা দিবসে প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু ছাত্র ছাত্রীদেরকে শপথ বাক্য পাঠ করান:

৫ টি প্রতিজ্ঞা যা আমি কখনোই করব না:

(১) আমি স্কুলে অনুপস্থিত থাকব না (২) আমি শিশু শ্রমে অংশ নেব না
(৩) আমি বাল্য বিবাহ করব না (৪) আমি কখনো অসৎ কাজ করব না (৫) আমি নিজের ও অন্যের জীবন বিপন্ন করব না ।

৫ টি প্রতিজ্ঞা যা আমি করব:

(১) আমি মন দিয়ে লেখাপড়া করব (২) আমি আমার স্বপ্নকে সফল করব (৩) আমি আমার পরিবার নিয়ে সুখে থাকব (৪) আমি সুস্থ্য ও সুন্দর জীবন যাপন করব (৫) আমি একজন সু-প্রতিবেশী হব। স্কুলের ছাত্র ছাত্রীরা শপথ বাক্য মেনে চলার প্রতিজ্ঞা করে।অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

আমার প্রতিজ্ঞা দিবসে সেন্ট জেভিয়ার্স জুনিয়র হাই স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে টাইল,পাইপ এন্ড

সেনেটারী শ্রমিক ইউনিয়নের শ্রমিক দিবস পালন

১ লা মে মহান শ্রমিক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের উদ্যোগে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়।

আজ বুধবার (১ মে) দিবসটি উপলক্ষে শহরের কোট রোড,বকুলতলা থেকে কমিউনিটি সেন্টার পর্যন্ত একটি র্যালী বের করা হয়।

র্যালীটির নেতৃত্ব দেন সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল সালাম।

এসময় সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন (মুন্না), সহ-সভাপতি মহর আলী খান (তুষার), সাংগঠনিক সম্পাদক নাজমুল করিম মুক্তা, কোষাধক্ষ্য মোমিন খান, প্রচার সম্পাদক মামুন শিকদার, সদস্য উজ্জল মিয়াসহ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য শ্রমিক সদস্যগণ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গৌরব, সাফল্য ও ঐতিহ্যের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছেন, কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগ। দিনটি পালনে শুক্রবার সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেছেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, শুক্রবার ছিল বাংলাদেশ কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী। দিনটি পালনে সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেন।

প্রথমে তারা কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সের বঙ্গবন্ধুর

ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে উপজেলা চত্বরের অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতেও পুষ্পমাল্য অর্পণ করেন নেতা-কর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষকলীগের কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক সুশান্ত চক্রবর্ত্তী, উপজেলা কৃষকলীগের সাবেক আহবায়ক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি তাফরুজ্জামান তপন,যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, সাংগঠনিক সম্পাদক আলীম হোসেন, দেলোয়ার হোসেন, অর্থ সম্পাদক রাজিব হোসেন, স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পাদক লিটন হোসেন।

মেহেরপুরে অরণি থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ পালন

মেহেরপুরে অরণি চিলড্রেনস থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ উদযাপন উপলক্ষে “অরণির বৈশাখ ১৪৩১” অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে শিল্পকলা একাডেমি চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে সড়ক প্রদক্ষিণ করে আবার অরণি থিয়েটার কার্যালয়ে এসে শেষ হয়।

এসময় হাফিজ শিশিরের সূত্রে অংশ নেয় মাহামুদা রুহি, ফারজানা করিম অর্পিতা, রাহিম সাবের, রাইসুল ইসলাম অনিক, মুস্তাহিদুর রিসাত, অর্ঘ, সাবা সাবের তরি, সাব্বির সোহাগ, আতিক স্বপন, রাজিয়া সুলতানা টনি, রুবেল, মফিজুর রহমান মিঠু, শেখ মমিন, নুসরাত তিথি, মৌপাল, ননী গোপাল সাহা, সাঈদ হোসেন, উজ্জল খান, শাহরিয়ার উজ্জল, নিশান সাবের সহ অরণির বন্ধুরা উপস্থিত ছিলেন।

পরে সেখানে পান্তা খাওয়ানোর ও ছোট্ট সাংস্কৃতিক পর্ব স্মৃতি রোমন্থন করে অরণি চিলড্রেনস থিয়েটার পরিবারের সদস্যরা।

মেহেরপুর বিচার বিভাগের স্বাধীনতা ও জাতীয় দিবস পালন

জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতপ পুস্পস্তবক অর্পণ এবং আলোচনা সভার মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন করেছে মেহেরপুরের বিচার বিভাগ।

গতকাল মঙ্গলবার মেহেরপুর জেলা জজ আদালত প্রাঙ্গণে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন এবং পরবর্তীতে বাংলাদেশের স্বাধীনতার স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা জজ আদালত ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক বৃন্দ। এ সময় তাদের সাথে জাজশিপ ও ম্যাজিস্ট্রেসির সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এরপর মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য নিয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বককর সিদ্দিক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস। এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মেহেরপুর যুগ্ন জেলা ও দায়রা জজ ১ম ও ২য় আদালতের বিচারক মোঃ শাহিনুর রহমান ও কবির হোসেন সহ জেলা জজ ও ম্যাজিস্ট্রেট আদালতের বিচারকবৃন্দ।

এ সময় আরো বক্তব্য রাখেন জেলা জজ আদালতের নাজির উসমান গনি এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির আসাদুজ্জামান আসাদ।

বিভিন্ন আয়োজনে মেহেরপুরে

মহান স্বাধীনতা দিবস পালন

নানা আয়োজনে মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উদযাপনকরা হচ্ছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সকাল ছয়টায় মেহেরপুর কলেজ অবস্থিত কেন্দ্রীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

প্রথমে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুষ্প মাল অর্পণ করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

পরে জেলা বাসীর পক্ষেও পুষ্পমাল্য অর্পণ করেন তিনি। এরপর পর্যায়ক্রমে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার এসএম নাজমুল হক, মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের অ্যাডভোকেট মোহা: আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভার পক্ষে মেয়র মাহফুজুর রহমান রিটনসহ জেলার বিভিন্ন সরকারি বেসরকারি অফিস ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

এদিকে দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর-২ আসনের এমপি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গ্ংনী উপজেলা পরিষদের পক্ষে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলীসহ বিভিন্ন স্কুল কলেজ, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ পুষ্পমাল্য অর্পণ করেন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন সহ উপজেলা আওয়ামী লীগ।

রবিবার সকালে দিবসটি উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর ভিতর স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে এ পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবননগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্জল দত্ত, জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধা বৃন্দ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আসাদুজ্জামান, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা টুরিস্ট পুলিশ, উপজেলা ফায়ার বিগ্রেড ও সিভিল ডিফেন্স, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুতশোভা মন্ডল, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলীমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন, সদস্য সচিব আইয়ুব হোসেন,উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডার সভাপতি হাসানুজ্জামান লালটু সহ উপজেলা আওয়ামী লীগ, ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান ও

স্কুল কলেজের পক্ষে পুষ্পস্তবক ও অর্পণ করা হয়।

পুষ্পস্তবক অর্পণ শেষে বেলা সাড়ে দশটার সময় মুজিবনগর উপজেলা পরিষদ অডিটরিয়ামে বঙ্গবন্ধুর জীবন আদর্শ ও শিশুদের প্রতি বঙ্গবন্ধুর ভালোবাসা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন

“দুর্যোগের প্রস্তুতিতে লড়বো স্মার্ট সোনার বাংলা গড়বো” এই প্রতিপাদ্যে মুজিবনগরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন উপলক্ষে র্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, এবং মুজিবনগর দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর বাস্তবায়নের দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয় এবং সেখানে মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়।

পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম এর সভাপতিত্বে আলোচনা সভা ও র্যালিতে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন ইনচার্জ শাহাজাহান আলী।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক নারী দিবস পালন

‘নারীর সম অধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ’- এই প্রতিপাদ্য নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে।

এই উপলক্ষে আজ শুক্রবার বিকেল তিনটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। উপজেলা কার্যালয়ের চত্বর থেকে শোভাযাত্রাটি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে সেখানেই ফিরে আসে।

পরে উপজেলা সম্মেলন কক্ষে এক আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, ইন্সটেক্টর জামাল হোসেন, মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন পাতা, আমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আলম।

স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন উদ্যোক্ত হেলেন আক্তার কামনা, নারীর উদ্যোক্তা সুরভী শরিফা, নারী উদ্যোক্তা রুসনি আক্তার তামান্না, আফিয়া জয়নব। কবিতা পাঠ করেন ভাংবাড়িয়া কিশোর কিশোরী ক্লাবের ছাত্রী শামসুন্নাহার শম্পা।কোরআন থেকে তেলাওয়াত করেন মহিউদ্দিন একাডেমীর ছাত্র হাফেজ মনিরুল ইসলাম।